জেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট।

www.zplalmonirhat.gov.bd

নম্বর- ৪৬.৪২.৫২০০.০০২.১৪.০০১.২৫-৫৮৮

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগষ্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

## ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা পরিষদ, লালমনিরহাটের নতুন ঠিকাদার লাইসেন্স তালিকাভুক্তির বিজ্ঞপ্তি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের পিপিআর,২০০৮ এর ৬৩ নং বিধি মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে লালমনিরহাট জেলা পরিষদের ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির আবেদন আহ্বান করা হচ্ছে। ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য আগামী ১৭/০৮/২০২৫ খ্রি. তারিখ হতে ০৭/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত জেলা পরিষদের নির্ধারিত ফরমে Standard Application Form Enlistment আবেদন করা যাবে। আবেদন ফরম ২,০০০/-(দুই হাজার) টাকা(অফেরতযোগ্য) নগদ মূল্যে অত্র জেলা পরিষদ কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। নতুন ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির কোন আবেদন বাতিলের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

| ক্র. নং | ঠিকাদারের শ্রেণী | তালিকাভুক্তির ফি(টাকা) |
|---|---|---|
| ০১ | ১ম | ৫,০০০/- |
| ০২ | ২য় | ৩,০০০/- |

শর্তসমূহ:

১। তালিকাভুক্তি ব্যতীত জেলা পরিষদ লালমনিরহাটের উন্নয়ন প্রকল্পের দরপত্রে অংশগ্রহণ করা যাবে না।
২। তালিকাভুক্ত ঠিকাদার কেবল লালমনিরহাট জেলার আওতায় প্রকাশিত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
৩। পরপর দুই অর্থবৎসরে নবায়ন না করা হলে উক্ত তালিকাভুক্তি বতিল বলে গণ্য করা হবে, পরবর্তীতে নতুনভাবে তালিকাভুক্তি করণের আবেদন করতে হবে।
৪। উল্লেখ্য আবেদন ফরম জমা প্রদানের সময় নিম্নবর্ণিত প্রমাণ পত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে:
ক) জাতীয় পরিচয় পত্রের কপি।
খ) হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স।
গ) বিগত বছরের আয়কর ও ভ্যাট প্রদানের সনদপত্র।
ঘ) এলজিইডি, পিডব্লিউডি বা অন্য সংস্থার তালিকাভুক্তির প্রমাণপত্র।
ঙ) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট হতে ইতিপূর্বে সম্পাদিত কাজের ও আর্থিক পরিমাণের সনদপত্র।
চ) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
ছ) সদ্য তোলা ০২(দুই কপি) পার্সপোর্ট সাইজের রঙিন ছবি(১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
জ) আবেদন ফি প্রদানের মূল রশিদ/ চালান।
ঝ) অংশীদারীত্বের দলিল(অংশীদারী সংস্থার ক্ষেত্রে)।
ঞ) তালিকাভুক্তির ফি যে কোন তফসিলি ব্যাংক হতে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট, বরাবর পে-অর্ডার আকারে জমা প্রদান করতে হবে।
ট) অন্যান্য যদি থাকে।
৫। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে জানার জন্য অনুরোধ করা হলো।
৬। উল্লেখ্য, কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন/সকল নতুন তালিকাভুক্তি ও তালিকা নবায়নের বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংররক্ষণ করে।

14/08/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট।
মোবাইল: ০১৩১৭-৪৭৭৮৪৮
ই-মেইলঃ zplalmonirhat@lgd.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ সওজ বিভাগ/ গণপূর্ত অধিদপ্তর/ পাউবো,লালমনিরহাট।
৬। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ আদিতমারী/কালীগঞ্জ/হাতীবান্ধা/পাটগ্রাম উপজেলা, লালমনিরহাট।
৭। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
৮। জনাব-----------------------------------------------------------------------।
৯। অফিস কপি।

CamScanner